

সংসদে শিক্ষামন্ত্রী
পাবলিক পরীক্ষার
সময় ক্রমাতে
পরিকল্পনা রয়েছে

■ সময়কাল প্রতিবেদক
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দীর্ঘমেয়াদি চলমান পাবলিক পরীক্ষা ব্যবস্থা থেকে বেরিয়ে আসার পরিকল্পনা সরকারের রয়েছে। এইচএসসি, এসএসসি, জেএসসি ও পিএসসি দীর্ঘসময় ধরে পরীক্ষা হওয়ায় এ সময়ে ক্লাস নেওয়া সম্ভব হয় না। গতকাল রোববার সংসদে প্রমোশ্বর পর্বে অংশ নিয়ে সরকারি দলের আবদুর রহমান বদির এক সম্পূর্ণ প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। এর আগে চার দিন বিয়তির পর বিকেল পৌনে ৫টার দিকে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের অধিবেশন শুরু হয়।

পাবলিক পরীক্ষার সময় ক্লাস বন্ধ থাকার কারণে পরীক্ষার জন্য পূর্বক ভবন নির্মাণে সরকারের পরিকল্পনা সম্পর্কে জানতে চান আবদুর রহমান বদি। জবাবে শিক্ষামন্ত্রী বলেন, আমাদের মতো গরিব দেশের পক্ষে এটা হয়তো সম্ভব নয়। শিক্ষকদের সততা ও আন্তরিকতা থাকলে এবং ভালোভাবে পাঠদান করলে গ্রেডিং পদ্ধতিতে শিক্ষার্থী মূল্যায়ন করা যেত। প্রত্যেক শিক্ষার্থীর জন্য মূল্যায়ন পদ্ধতি থাকতে হবে। পরীক্ষা হতে হবে দুই-এক দিনে।